Downloaded from: justpaste.it/2bvkk

# কবিতা

## হে উমর এসো ফিরে
## মুঈনুল ইসলাম সাইয়্যেদপুরী

==================================

দুনিয়ার আজ ঝঞ্ঝার মেঘ
জুলমাতে গেছে ঘিরে,
সাম্যের দিশারী হে উমর এসো ফিরে
নাই আশা আলো সব নিঝঝুম
কাঁদে ধরনীর শত মজলুম।
জালিম সেনারা ছাউনি ফেলেছে
জীবনের তীরে তীরে,
ন্যায়ের প্রতীক, জালিমের ত্রাস
হে উমর এসো ফিরে।
অনাথ এতীম অনাহারে আজ মরে
কেউ নাহি চায় তাহাদের পানে ফিরে,
অবহেলিত বঞ্চিত দল
তোমারে খুজিয়া ফিরে,
দীন-দরদী অনাথের নাথ
হে উমর এসো ফিরে।
ইহুদী-নাসারা, মুরতাদ দল
আজ লড়ে কোরআনের সাথে (!)
নিরুপায় জাতি তোমায় বিহনে উপায় খুজিয়া মরে।
রাহবারে কামিল, শানিত অসি,
হে উমর এসো ফিরে

===========================

# স্খলন

# মুহাম্মদ কফিল উদ্দিন

==================================

খামোশ খামোশ-থামারে তোর অভিযান,
নগ্নভাবে রাস্তা চলা সভ্যতারই অপমান।
সভ্যতার এই যৌবন কালে
এমন সাহস কোথায় পেলে
অঙ্গ নিয়ে রঙ্গ খেলা ঠাট দেখানোর অভ্যুত্থান!
ভালবাসার নামে এবার উলঙ্গ-উচ্ছ্বাস
রাস্তা-ঘাটে কেনা-বেচা নেই কি সরম লাজ।
মোরগ মুরগীর ভাব সেজে
যখন তখন প্রণয় খোঁজে
একটা ছেড়ে আরেকটা ধরে হাট বাজারে জয়োল্লাস।
পর্দা ছেড়ে পসারিনীর রাস্তা-ঘাটে চলা চল
স্বামীর সাথে স্বামীর বন্ধু ছুরৎ দেখে হয় পাগল।
পশুর স্বভাব অন্তরে
শেষে মারে বন্ধুরে,
বন্ধন হারা বন্ধু সুলভ মুখোশ পরা ছলাকলা।।
নীতি ছাড়া পিরিত করে পিরিত রসে ভরায় মন
স্বামীর ঘরে তালা এঁটে বাইরে খোঁজে প্রমিক ধন।
বেহায়া যত বাড়ছে দিন
সভ্য যুগের বাড়ছে দিন
সভ্য যুগের এই কি চিন
যুগের মাথায় হাড়ি ভেঙ্গে নতুনত্বের স্বাধ ভজন।
কি অপুর্ব যুগের দাবী আধুনিকের অসৎ বড়াই
গতি হারা প্রগতিতে সভ্যতারে করছে মাড়াই।
আর কতরে এবার দাঁড়া
আর কতরে এবার দাঁড়া
জাত ডুবালি জীবের সেরা
তোদের চেয়ে পশু ভাল করিস না আর বৃথা বড়াই।।